

স
স
১৩
তি
এক
মাম
ছি
ই
ন।
র
র
ন।
স
স
স
ন,
র
র
না



শিশুমিত্র পুরস্কারের জন্য মনোনীত তেহট্টের অভয়নগর প্রাথমিক বিদ্যালয়ের সামনে পড়ুয়ারা। ছবি: রমণী বিশ্বাস

‘শিশুমিত্র’ পুরস্কার নদীয়ার ২ স্কুলকে

আজকালের প্রতিবেদন: তেহট্ট, ১৩ ডিসেম্বর— ‘পশ্চিমবঙ্গ সর্বাঙ্গিক মিশন’-এর দেওয়া ‘শিশুমিত্র’ পুরস্কারের জন্য নদীয়ার দু’টি স্কুল রানাঘাট ইউ পি হিন্দি প্রাথমিক বিদ্যালয় ও তেহট্ট থানার অভয়নগর প্রাথমিক বিদ্যালয় মনোনীত হয়েছে। জেলায় পাঠানো শিক্ষা দপ্তরের চিঠি থেকে জানা গিয়েছে, রাজ্যের ১৬টি জেলায় এই পুরস্কার দেওয়া হচ্ছে। প্রত্যেক জেলার দু’টি করে স্কুলকে বেছে নেওয়া হয়েছে। আগামী ১৫ ডিসেম্বর কলকাতার টাউন হলে তাদের হাতে এই পুরস্কার তুলে দেবেন রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। নদীয়ার তেহট্ট থানার অভয়নগর প্রাথমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক সফিকুল ইসলাম বলেন, স্কুলের পঠনপাঠন, পরিকাঠামো, সৌন্দর্যায়ন, শিক্ষার পরিবেশ, পানীয় জলের ব্যবস্থা, শৌচালয় ও ছাত্রছাত্রীদের শিশু সংসদের ওপর একশো নম্বরের সমীক্ষার শেষে এই পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত হয়। প্রত্যন্ত এলাকা থেকে আমাদের স্কুল ‘শিশুমিত্র’ পুরস্কার পাওয়ার খুশি এলাকার মানুষ, স্কুলের ছাত্রছাত্রীরা। এলাকার শিক্ষক-শিক্ষিকারাও গর্বিত আমাদের এই স্কুলটি পুরস্কার পাওয়ায়। আশপাশের স্কুলগুলিও আমাদের এই পুরস্কার পাওয়ায় অনুপ্রাণিত হয়ে কাজ করবে। ২০১২ সালে এই স্কুলটি জেলার নির্মল স্কুল হিসেবে পুরস্কৃত হয়েছিল।

শুভ-৩

আজকাল ২৪ ২ ডিসেম্বর ২০১৬